# বাণী

[ শিশুনাটিকা ] মেয়েদের জন্য

স্বপন বুড়ো (অখিল নিয়োগী) প্রণীত

দেৰ সাহিত্য কুটীর

প্রকাশ করেছেন—
শ্রীস্থবোধচন্দ্র মজুমদার
দেব সাহিত্য-কুটীর প্রাইভেট্ লিমিটেড্
২১, ঝামাপুকুর লেন,
কলিকাতা—১

এপ্রি**ল**—

ছেপেছেন—

এস্ সি. মজুমদার
দেব-প্রেস
২৪, ঝামাপুকুর লেন,
কলিকাতা—৯

#### প্রিচয়—

সরস্থাতী
লক্ষ্মী-প্রাচা
হংসরাজ
রাজক্থা
রাজরাণী
স্থার দল
রাজপুত্রগণ

# वावी

#### श्चथय ज्यस

#### প্রথম দৃশ্য

[ আলকাপুরীর একটি পথ। পথের একদিক দিয়া আসিতেছিল লশীর বাহন
লক্ষ্মী-পেচক—হাতে তার লক্ষ্মীর বাঁপি—অন্ত দিক দিয়া আসিতেছিল—
সরস্বতীর বাহন হংসরাজ—হাতে তার বীণা। তইজনেরই গতি
ক্রত—তাই পথের মাঝখানে উভয়ের সজ্যাত হইল। কলে—
লক্ষ্মী-পেচকের ঝাঁপি এবং হংসরাজের বীণা মাটিতে
নিক্ষিপ্ত হইল—এবং তাহারা নিজেরাও মাটিতে
লুটাইতে লাগিল]

লক্ষী-পেচক। কে তুই ? তোর কি প্রাণের ভয় নেই ?

হংসরাজ। তুই-ই-বা কে ? প্রাণের মায়া তুইও কি ছেড়ে

দিয়েছিস্ ?

লক্ষ্মী-পেচক। আগে বল্ কে তুই !

হংসরাজ। আচ্ছা তবে শোন্! কিন্তু শুনেই একেবারে তুম্ড়ী
থেয়ে পড়বি! আমি হচ্ছি—সরস্বতীর বাহন হংসরাজ!

লক্ষী-পেচক। বটে! আর আমি কে শুন্বি?

- হংসরাজ। অত ভণিতা রেখে বলেই ফেল্না—
- লক্ষ্মী-পেচক। মা-লক্ষ্মীর নাম শুনেছিস্—?—আমি তাঁরই বাহন স্বয়ং লক্ষ্মী-পেচক।
- হংসরাজ। তা পেচক না হলে কি আর অমন বৃদ্ধি হয় ?
- লক্ষ্মী-পেচক। কেন—কেন—বুদ্ধিটা এমন কি গোলমেলে দেখলি ?
- হংসরাজ। গোলমেলে নয় ?—আমি স্বয়ং হংসরাজ—নিয়ে যাচ্ছি সরস্বতীর বীণা…এই বীণা হাতে যাবে—তবে মা সরস্বতী তাঁর নতুন গানে স্থর দেবেন! আর তুই কিনা— সেই বীণা ধাকা মেরে ফেলে দিয়ে ভেঙে ফেললি! প্যাচার বুদ্ধি আর কাকে বলে!
- লক্ষ্মী-পেচক। হুঁ! আর নিজের বুদ্ধিটা কেমন শুনি ? মা লক্ষ্মীর ঝাঁপি বয়ে নিয়ে যাচ্ছি, আমি স্বয়ং লক্ষ্মী-পেচক,— এই ঝাঁপি হাতে থাক্বে, তবেই না তিনি ত্রিভূবনের লোককে আহার যোগাবেন—আর তুই কিনা কোথাকার কোন্ পাতিহাঁস—সেই লক্ষ্মীর ঝাঁপি ধাকা দিয়ে দিলি মাটিতে কেলে! তুর্ব্দ্ধি আর কাকে বলে!

#### হংসরাজের গান

আমার পালকে মা সরস্বতী শত শত লেথে শ্লোক
ভাষ্ট পড়ে পড়ে লেথাপড়া শিথে পৃথিবীর যত লোক—

#### লক্ষ্মী-প্রেচকের গান

দুরে রেখে দে না গ্রোকের বাহার লক্ষী জোটান সবার আহার—

#### হংসরাজের গান

বটে রে পেচক, গোর জ্ঞাতি ভাই সকলে মূর্থ হোক—!

লক্ষ্মী-পেচক। লক্ষ্মী মাতাই সবার উপরে কহিছে সকল লোক।

হংসরাজ। সরস্বতীই সবার উপরে কহিছে সকল লোক। লক্ষ্মী-পেচক। দেখু পাতিহাঁস—

হংসরাজ। হা—হা—হা—মূর্থ হলে লোকের এই তুর্গতিই হয়। হংস কথাটাই তোর মুখ দিয়ে বেরুচেছ না। আমার নাম হংসরাজ বুঝ্লি ?

**मक्त्री-**পেচক। কী—আমায় তুই মূর্থ বলিন্?

হংসরাজ। মূর্যের মত কথা কইলে—মূর্থ বলব নাত বলব কি
সর্ব্ব-বিদ্যা বিশারদ ?

লক্ষ্মী-পেচক। দেখ্, আমার কিন্তু রাগ হচ্ছে। রাগ হলেই আমি চটে ফাই; আর চটে গেলে আমার এতটুকুজ্ঞান থাকে না···

হংসরাজ। বটে—বটে—বটে! তা' জ্ঞান তোর কোন্ কালেই বা ছিল শুনি ? অজ্ঞানদের আবার জ্ঞান—! লক্ষ্মী-পেচক। দেখ্, ফের যদি আমাকে ঐ রক্ষ করে অজ্ঞান আর মূর্থ বল্বি তবে আমি সত্যিই কিন্তু কেঁদে ফেল্বো। ঐ যে আমার মা লক্ষ্মী আস্ছেন—দিচ্ছি তাঁকে সব কথা বলে—

#### [লগাঁব প্রবেশ]

- লক্ষ্মী-পেচক। দেখ ম। লক্ষ্মী, আমি তোমার লক্ষ্মীর ঝাঁপি নিয়ে—
- লক্ষ্মী। কি করছিলি এতক্ষণ আমার ঝাঁপি নিয়ে ? ত্রিভুবনের লোক—অনাহারে আমার মুখের দিকে তাকিয়ে আছে—
- লক্ষ্মী-পেচক। দেই কথাই ত' বল্তে যাচ্ছিলুম মা,—তোমার ঐ ঝাঁপি নিয়ে আমি হন্ হন্ করে আস্ছি—আর এই পাতিহাঁদটা রাস্তার মাঝখানে—এমন করে এদে ধাকা মারলে—
- হংসরাজ। বটে! আমি ধাকা মারলুম—না তুই এসে আমার গায়ের ওপর পড়লি ?

লক্ষী। কে তুই?

#### [সরস্বতীর প্রবেশ]

সরস্বতী। ও কে, সে পরিচয় দেবো আমি।

লক্ষী। সরস্বতী যে! ও তা' হলে তোমারই বাহন! নইলে ত্রিভুবনে এমন আস্পর্দ্ধা আর কার হ'বে যে আমার ঝাঁপি মার্টিতে ফেলে দেয়—

- সরস্বতী। সঙ্গীতে শ্রেষ্ঠ স্থর—বীণার তারে ফুটিয়ে তুল্বো বলে সেই কথন থেকে বসে আছি—কি হয়েছিল তোর হংসরাজ ?
- হংসরাজ। আমি খুব ছুটেই আস্ছিলুম মা—তোমার বীণা নিয়ে কিন্তু পথের মাঝে ঐ পাঁঁ্যাচাটা হুড়মুড় করে আমার ঘাড়ে এসে পড়ল।
- সরস্বতী। [ভাঙা বীণাটাকে মাটি হইতে তুলিয়া] সঙ্গীতের এমন করে যে অপমান করে, আমি তাকে শাস্তি দেবো—
- লক্ষ্মী। একটু ভেবে চিন্তে কথা বোলো সরস্বতী, সম্মুখে আমি তোমার বড় বোন—আর আমারই আদেশে আমারই বাহন আস্ছিল আমার ঝাঁপি নিয়ে—যাতে বিশ্বের ক্ষুধা দূর হয় •••আমি তোমায় আদেশ কচ্ছি—
- সরস্বতী। আদেশ ? আমায় ? কিন্তু তার আগে জানা উচিত কে বড় কে ছোট !
- লক্ষ্মী। তুই আমায় হাদালি সরস্বতী। বেশ তবে পরীক্ষাই হোক—অত দম্ভ তোর ভাল নয়—
- দরস্বতী। পরীক্ষা আমিও দিতে প্রস্তুত। বিশ্বের লোক জামুক—
- লক্ষী। হঁ্যা, বিশ্বের লোক জাতুক—ঐশ্বর্য্যের দ্বারে বিভা— দীন ভিক্ষুক।
- দরস্বতী। শুনতে চাইনে তোমার দম্ভ—বল কোথায় পরীক্ষা দিতে হবে—

লক্ষ্মী। চল মর্ত্ত্যে। সেখানে ছদ্মবেশে আকাদের মানুষের সঙ্গে বাস করতে হবে—! আর সেইখানেই আমরা প্রমাণ করবো-এশ্বর্য্য বড়, কি বিভা বড়।

# দ্বিভীয় দুখ্য

িরাজকন্তা রত্নার মহল। রাজকন্তার ছই স্থী—চতুরিকা আর নিপুণিকা গলাগলি ধরিয়া হাসিতে হাসিতে প্রবেশ করিল ]

চতুরিকা। শুনেছিদ্ দই ?—হা—হা হি—হি হো—হো— निপूर्णिका। कुरु य (इस्मरे गिष्ट्रिय अष्ट्रिल ? कि अन्व ? চতুরিকা। ও! তবে এখনো কথাটা তোর কাণে পেঁছিয়নি ? নিপুণিকা। কি কথা তা না জান্তে পারলে কি করে বল্ব— কাণে পৌছেচে কি না।

ি জারো তিনটি সথী—মালবিকা, বাসস্তিকাও হেমস্তিকার প্রবেশ ]

চতুরিকা। ওরে—মালবিকা, বাসন্তিকা—হেমন্তিকা—তোরা শুনেছিস?

সবাই। কিরে কি ?

চতুরিকা। সখার পণের কথা?

মালবিকা বাসন্তিকা ভূটতে ভূটতে আস্ছি।

নিপুণিকা। তোরা সবাই শুন্লি আর আমি শুন্লাম না ?

চতুরিকা। শুন্বি বৈকি! তোর মনে আর হুঃখু থাকে কেন—

তবে শোন্—

# চ্ভুরিকার গান

স্থী না জানি কৈ দেখেছে স্থপন—
অকণের কাছে অঞ্জলি পাতি প্রভাতে করেছে পণ
হরিণ-নয়না সে নব বালিকা
কারো গলে নাকি দেবে না মালিকা
আজি ভোরে উঠে তপনের কাছে স্থী করিয়াছে পণ!
না জানি কি দেখেছে স্থপন!
গানে গানে তার মন-শতদল—কে বল খুলিতে পারে?
চরণ-ছল্নে মর্ব বচনে কে বল জিনিবে তারে?
নাহি কি গো সেই রাজার কুমার…
সোনার কাঠিতে ঘুম্ ভাঙে তার—?
যার কাছে তার হনে পরাজ্য় নাই কি এমন জন—
আজি ভোরে উঠে অঞ্জলি পাতি স্থী করিয়াছে পণ!
না জানি কি দেখেছে স্থপন!

নিপুণিকা। পণ করেছে—কারো গলায় ও মালা দেবে না ? বাসন্তিকা। দেবে শুধু তারই গলায়—যে ওকে—নাচে, গানে কিংবা তর্কে পরাজিত করতে পারবে! নিপুণিকা। বলিস্ কি ? এমন পণও মেয়েরা করে ?

#### [ রাজকন্তা রত্নার প্রবেশ ]

- রত্না। কেন করবে না শুনি ? ভারতের মেয়ে কি এই প্রথম পণ করল স্থি ? তোরা সীতার কথা শুনিস্নি ? পণ ছিল, যে হরধনু ভঙ্গ করবে—তারি গলায় সে দেবে মালা। দ্রৌপদী ? তার ছিল লক্ষ্যভেদ পণ। সাবিত্রী হয়েছিল স্বয়ন্মরা—দময়ন্তী—কে নয় শুনি ?
- হেমন্তিকা। কিন্তু যাই বল দখি—মেয়েদের এত গর্ব্ব ভালো নয়।
  রক্ষা। কেন গর্ব্ব করবো না বল ত'? রূপ? রোজ দর্পণে
  আমি মুখ দেখি। জানিস্—সভা-কবি আমার নাম রেখেছে
  —"কুচ-বরণ কন্সা—তার মেঘ-বরণ চুল"। ঐশ্বর্য্য ?
  আমার বাবার মতো এমন বিশাল রাজ্য—এই অগাধ ধনসম্পত্তি আর কার আছে বল ত'?
- বাসন্তিকা। তা' যা বলেছিস্ সই। শুধু কি রূপ আর ঐশ্বর্য্য ?
  নৃত্যে—সঙ্গীতে—বিচ্ঠায়—বুদ্ধিতে—সত্যি ভাই তোকে
  পরাজয় করবে—এমন মানুষ ভূ-ভারতে আছে কিনা
  সন্দেহ!
- রত্বা। কাজেই পণ করে আমি কিছু অম্যায় করিনি। কি বলিস্
  সই ?—আমি দেখতে চাই—জগতে নারী শ্রেষ্ঠ কি নর
  শ্রেষ্ঠ। আর দেখবি আমি প্রমাণ করব নারীর কাছে—
  নরের বিভাবত্তা—তার শিল্লামুরাগ—তার ঐশ্বর্যপ্রীতি—
  কত তুচ্ছ।

- নিপুণিকা। কিন্তু যদি কোনো বিগ্লাদিগ্গজ পণ্ডিত তোর সঙ্গে তর্ক করতে চায় ?
- মালবিকা। কিংবা কোনো সঙ্গীত-নিপুণ নর তোকে প্রতিযোগিতায় আহ্বান করে ?
- বাসন্তিকা। অথবা কোনো নৃত্য-কুশলী নর্ত্তক—নৃত্যে তোকে পরাজিত করে ?
- রত্ন। পরাজিত করবে আমাকে ? এইবার তোরা আমাকে হাসালি সই ! নে এখন কথা রাখ—বাসন্তিকা,—বসন্তআবাহনের সেই নূতন নৃত্য-গীত-মুখর গানটা—যা তোদের
  শিখিয়েছিলাম—একবার আমাকে শোনাতে পারিস্ ?
  বাসন্তিকা। তা আর পারব না কেন সই ?

#### সখীদের গাম

মলয়ানিলের অদেখা সে রথে চড়ি—
মধুমাস এল ধরণীতে—
চাঁদ-গলা জল্মে দোলা লাগে তাই—সথি
ঠাই নাই মোর তরণীতে!
যত মালা গাঁথি কাননের ফুল না ফুরায়
যত কথা বলি আননের হাসি নাহি যায়
আাকাশের নীল সাগর-নীলিমা সনে
কান-কথা কয় ভীত চিতে

পুপ্প-ধন্ত সে এসেছে ধরার নামি
তাই ত' পরাণে কলরোল
না-শোনা বাশরী পরাণে বাজিয়। চলে
এলো। মধুবনে ফুলপোল!
যত বানী বাজে মনে হয় শুনি দিনমান
যত গান গাহি মনে জাগে ফুরায়িন গান
তাই মধুমাসে পরাণে বরিয়া লই—
জয় গান উঠে চারিভিতে!

রত্ন। চমৎকার—চমৎকার শিখেছিস্ তোরা—! আমি বল্তে পারি—বদন্ত-আবাহনের এমন স্থন্দর কবিতা আমার মত ইতিপূর্ব্বে আর কেউ রচনা করেনি—

#### [ছন্নবেশী সরস্বতীর প্রবেশ]

বাণী। কিন্তু এর চাইতেও মধুর গান আমি গাইতে পারি রাজকুমারী—

রত্না। কে তুমি?

বাণী। আমার নাম বাণী—গান গেয়ে গেয়ে আমি পথ চলি—

বাসন্তিকা। তোমার সাহস ত' কম নয়! জ্ঞান ও গান কে রচনা করেছে ?

वागी। ना वरल मिरल जा' कि करत्र कान्व वल ?

চতুরিকা। তুমি ঠিক বলছ—এর চাইতে ভালো গান তুমি গাইতে পারবে ?

- বাণী। না-ই যদি পারবো, তবে বল্ছি কেন?
- রত্ন। শোনো বাণী, গান আমি তোমার শুন্বো—কিন্ত যদি এ গানের চাইতে ভালো না গাইতে পারো, তবে কি শান্তি তুমি নেবে ?
- বাণী। তা' তুমি হ'লে রাজকুমারী—সাজা দেবার মালিক হ'লে তুমি;—কি শাস্তি নিতে হবে—দেটা তুমিই ঠিক করে দাও—
- রত্না। হ্যা, আমি ঠিক করে দিচিছ। যদি গান গেয়ে আমাকে মুগ্ধ করতে পার আমি তোমাকে আমার সহচরী করে রাখ্বো।
- বাণী। আর যদি তা' না পারি রাজকুমারী ?
- রত্ন। তবে আজীবন তোমায় কারাগারে বন্দী হয়ে থাক্তে হবে! রাজী ?
- বাণী। রাজী আমি প্রথম থেকেই হ'য়ে আছি—রাজকুমারী, এখন তুমি রাজী হলেই আমি বাঁচি!
- রত্ন। বেশ! তবে শোনাও তোমার গান—
- বাণী। [কৌতুকের স্থরে] দেখো, গান শেষ হ'বার আগেই আবার আমাকে কারাগারে বন্দী করে রেখোন!—
- রত্ন। তা কেন রাখ্বো ?
- বাণী। তা তোমরা রাজকষ্ঠা—তোমরা দব পারো।
- স্থীরা। তুমি বড় বেশী কথা কও বাপু।

বাণী। ঠিক ধরে ফেলেছ ত! আমার ঐ একটি মাত্র রোগ।
ঐ কথা—আর বাক্যি—বাক্যি আর কথা—এই নিয়েই
আমার জীবন। পাড়া-প্রতিবেশীরা বলে—আমি নাকি এই
বেশী কথা কওয়ার জন্মেই মারা যাবো—
বাসন্তিকা। সে বাপু পরের কথা পরে…এখন ত' গান
শোনাও—

#### বাণীর গান

কাননে একটি ফুল আকাশে একটি তারা… তারা ও ফুলের স্থরে বাজে মোর একতারা। সাঝের মৃত্র প্রদীপ কপালে সিঁতর টিপ… তারি প্রণতিতে হারা বাব্দে মোর একতারা। সাগরের পানে নদী **डू**टि हरन मिटमहाता। সাগর ও নদীর স্থরে বাব্দে মোর একভারা। অলকার কোন গান-মরতে জাগালো প্রাণ গানে প্রাণে ভগবান বাব্দে যোর একতারা!

- রয়া। [আদন হইতে উঠিয়া] বাণী—বাণী, তোমার কঠে হুর ললনার মধুরিমা—দঙ্গীত-ধারায় স্থার উৎদ—আমি মুগ্দ হয়েছি। বল কে তুমি? তুমি ত' শুধু পথের মেয়ে নও!
- বাণী। আমি পথেরই মেয়ে—পথ আমায় ডাক দিয়েছে তাই আমি চলি—
- রক্ন। অানি তোমায় আমার সহচরী করে আমার প্রতিজ্ঞ পালন করবো। নাও এই পুরস্কার, আমার কঠের মরকত মণি। সমগ্র ভারতে এর চাইতে মূল্যবান্ মণি আর নেই!

#### [ভয়বেশে ললীর প্রবেশ ]

ক্যলা। এর চাইতেও মূল্যবান্ মণি আমি ভোমায় দিতে পারি, রাজকুমারী!

রত্ন। কে তুমি, কি চাত?

কমলা। চাইনে আমি কিছুই—আমি শুণু চু'হাত উজাড় করে দিতে ভালোবাদি—

রত্না। তোমার নাম কি ?

কমলা। আমার নাম-আমার নাম-কমলা।

রত্না। কত তুমি দিতে পারো?

কমলা। যত তুমি চাও—মণি-মাণিক্য, হীরে, জহরৎ—বিশাল সাম্রাজ্য,—অফুরস্ত ভাণ্ডার— রত্ন। আমি চাই—আমি চাই,—ঐশ্বর্য্য আমি যত পাই তত আমার ভৃষণা বেড়ে যায়—কিন্তু ভূমি এত দেবে কি করে? কি তোমার ক্ষমতা? ভূমি কি কোনো স্বর্গের দেবী?

কমলা। না—না, আমি কেন স্বর্গের দেবী হ'ব ?
রক্না। তবে তুমি এত ঐশ্বর্য্য এত বিভব কোথায় পাবে ?
কমলা। আমি একবার এক গন্ধর্বকে বিপদ্ থেকে বাঁচাই।
তিনিই আমাকে দয়া করে বর দিয়েছিলেন—যথন আমি
যা' চাইব পাবো—কিন্ত—

রত্না। কিন্ত--?

কমলা কিন্তু নিজে তার কিছুই ভোগ করতে পারবো না!

রত্না। তোমার ঘর কোথায় ?

কমলা। ঘর আমার নেই, আমি পথে পথে সকলকে কত জিনিষ বিলিয়ে বেড়াচ্ছি—কিন্তু নিজে তার এতটুকু ভোগ করতে পারিনে!

রত্ন। [বিষম আগ্রহে] তুমি আমার এখানেই থাকো—
তোমার নিজের কোনো অভাব হবে না—আমি তোমায়
আমার সহচরী করে নেবো। কিন্তু তার পরিবর্ত্তে
তুমি আমায় দেবে—রাশি রাশি সোনার তাল—হীরের
গহনা, স্বর্ণ-পরিচ্ছদ, মুক্তোর মালা—যখন যা চাইব!
আর তুমি বাণী,—তুমি আমায় শোনাবে তোমার মধু-

কণ্ঠের স্থমধূর গান। ওরে তোরা দবাই আয়,—আমার এই নতুন দুই দহচরীকে গানে-গানে বরণ করে নে—

#### স্থীদের গান

আজিকে মোদের মধ্-মিলন রাতি
বরণ-ডালার জালা উজল বাতি!
ছড়া পথে পথে কানন কুস্কম
আজিকে নয়নে নাছি আসে ঘুম
জীবনে মিলিল চটি নবীন সাধী।
( তারে ) বাধিয়া প্রীতির ডোরে বসা না পাশে
(হোক্ ) মনে-মনে জানাজানি ফুল স্ক্বাসে!
অঞ্জনে সাজা তার কাজন-আঁথি
কপালে দেনা ফুল-রেগুকা মাথি

# তৃতীয় দৃশ্য

এ নব মাধবী-রাতে থাকু না মাতি !

প্রাস্তর। সমুখে এক বটবৃক্ষ। শ্রাস্ত-ক্লান্ত হইয়া একদল রাজপুত্র আসিয়া প্রবেশ করিল। তাহাদের সঙ্গে তীর-ধন্ন ইত্যাদি ]

অবন্তীর রাজপুত্র। শিকার করতে বেরিয়ে এমন বিফলমনোরথ জীবনে হইনি—

কাঞ্চী-রাজপুত্র। তা যা বলেছ ভাই অবস্তী-রাজকুমার,—
সমস্তটা দিন একেবারে রুথায় গেল—

- কোশল-রাজপুত্র। স্থামি ভাবছি, এখন বাড়ী ফিরে বাবাকে কি বল্ব!
- কাশী-রাজপুত্র। কেন—কেন—শিকারের সঙ্গে তোর বাবার কি সম্পর্ক ?
- কোঃ রাজপুত্র। আরে আমি যে বাবার কাছে দম্ভ করে বলে এসেছিলান আজ একটা বভাজস্তু শিকার করে নিয়ে যাবোই যাবো! এখন তাঁকে গিয়ে কি দেখাই বল্ত ?
- কাশী-রাজপুত্র। কেন তার অরে ধনু! বল্বি এ**গু**লো অক্ষতই আছে।
- অঃ রাজপুত্র। আমি একটা বস্তু বরাহু পেয়েছিলাম। বনের ভেতর দিয়ে প্রাণপণে তার পেছনে ছুটলাম—
- কাঃ রাজপুত্র। তারপর ?
- আঃ রাজপুত্র। তারপর কোখা দিয়ে যে নিমেষের মধ্যে পালালো দেখুতেই পেলুম না!
- কোঃ রাজপুত্র। বনের জানোয়ারগুলো ভয় পেয়েছে—
- আঃ রাজপুত্র। তা' আর ভয় পাবে ন ? কাশীর রাজকুমার,
  কোশলের রাজকুমার, কাঞ্চীর রাজকুমার,—এঁরা সব দল
  বেঁধে এদেছেন—মুগ্যা করতে। জন্তু-জানোয়ারদের একটা
  ঘাড়ে ক'টা মাথা যে তবু এই বনে ঘুরে বেড়াবে ?
- কাঃ রাজপুত্র। কিন্তু ন'মের তালিকা থেকে—অবস্তী রাজ-কুমারের নামটা বাদ গেল কেন ?

খঃ রাজপুত্র। কি জানো ? যদি তোমরা সত্যিই শিকার করতে পারতে, আমার নামটা বসিয়ে দিতুম সকলের আগে।
কিন্তু শুণু হাতে যথন ফিরতে হচ্ছে—এ দলের ভেতর তখন আমি নেই—।

কোঃ রাজপুত্র। বটে!

থঃ রাজপুত্র। তা নয় ত' কি--আমি হচ্ছি আদল বীর--

কোঃ রাজপুত্র। আর আমরা দবাই—

অঃ রাজপুত্র। কাপুরুষ—কাপুরুষ!

[দূবে দামামা-প্রনি শোনা গেল]

- কাশী-রাজপুত্র। ওরে— ওরে চুপ্— চুপ্— দামামা-ধ্বনি শোনা যাচেছ—
- অঃ রাজপুত্ত। দেখো,—আরো কোন্ কোন্ রাজপুত্ত শিকারে বেরিয়েছে—
- কাশী-রাজপুত্র। রাজপুত্র নয় রে—ছুটি মেয়ে কি ঘোষণা করতে করতে এই দিকে আস্ছে—
- কোঃ রাজপুত্র। অঁয়া! বলিস্ কি ? কি ঘোষণা কচ্ছে তারা—?

  [ দামামা-ধ্বনি ও ঘোষণা করিতে করিতে রাজকুমারী

  রন্তার ছই প্রহরিণীর প্রেণ ]
- প্রহরিণী। মোহনপুরের রাজকুমারী রত্না ঘোষণা কচ্ছেন,—যে রাজপুত্র তাঁ'কে নৃত্যে গীতে তর্কে কিংবা বুদ্ধিতে পরাজিত করতে পারবেন—তিনি তাঁরই গলায় বর্মাল্য দান করবেন।

পরাজিত রাজপুত্রকে—আজীবন কারাবাস বরণ করে নিতে হ'বে।

[ দামামা-ধ্বনি ]

অঃ রাঃ। রাজকন্সার এত গর্বব ?

কাশী রাঃ! না-নারীর এই স্পর্দ্ধা একেবারে অসহ্য।

কোঃ রাঃ। [ প্রহরিণীকে ] এই শোনো—শোনো—

· প্রহরিণী। বলুন—

কোঃ রাঃ। তোমাদের রাজকুমারীর নাম রত্না ?

প্রহরিণী। আছে হাঁ।

কাশী রাঃ। কোন্ দেশের রাজকুমারী বলত ?

প্রহরিণী। শিপ্রা নদীর তীরে—মোহনপূর রাজ্য—! আপনার কেমন রাজপুত্তুর—মোহনপুরের নাম শোনেন নি ?

কাশী রাঃ। বটে! বটে! মোহনপূর্বের স্বাই-এর কি যুদ্ধংদেহি ভাব ?

অঃ রাঃ। এই শোনো প্রহরিণী,—

প্রহরিণী। বলুন।

অঃ রাঃ। তোমাদের রাজকন্সা আমার সঙ্গে যুদ্ধ করতে পারবে ?

প্রহরিণী। সে সেখানে গেলেই জান্তে পারবেন!

কাশী রাঃ। আমার মতো—কবিতা লিখতে পারবে তোমাদের রাজকন্যা ?

- কোঃ রাঃ। নাচ জানে তোমাদের রাজকন্সা ? নাচে আমাকে হারাতে পারবে ?
- কাঞ্চী রাঃ। কিন্তু গানের কথা ত' এখনো বলিনি · · · ! আমি যদি দীপক গাইতে স্থক্ত করি, অম্নি আগুন জ্বলে উঠ্বে। পারবে তোমাদের রাজক্তা আমার সঙ্গে গানে ?
- প্রহরিণী। দেখুন সব রজপুত্ত্বরা—এ সব কথা আমাকে না বলে—আমাদের রাজকস্থার কাছে গিয়ে বলুন—হয় অর্দ্ধেক রাজত্ব মিল্বে—

मकरल। भिन्द -- भिन्द ?

প্রহরিণী। আর তা' যদি না-ই মেলে ত' কারাবাদ!

কাঃ রাজপুত্র। শুন্লে, তোমরা শুন্লে? প্রহরিণীর কথা শুন্লে?

কোঃ রাজপুত্র। না, আমরা এ অপমান কিছুতেই সইব না— সকলে। না—না—কিছুতেই না—কিছুতেই না—

প্রহরিণী। না সইতে পারেন—যান আমাদের মোহনপুর রাজ্যে—

[ দামামা-ধ্বনি করিতে করিতে প্রস্থান ]

সকলে। চল হে—চল—শিকার থাক্! চল ভাই সব মোহনপুর—

[কোলাহল করিয়া অগ্রসর হইল।]

## চতুৰ্থ দৃশ্য

রিজেকন্সারক্রীর মহল। রাজ্বকন্সা পালক্ষে অন্ধ-শায়িতা। সখীরা কেহ ধুপেব ধোঁরায় তাঁহার চুল বাধিয়া দিতেছে—কেহ মালা গাণিতেছে—কেহ পদ্মপত্র আনিয়া রাজকুমারীর সম্মুথে ধরিয়াছে—রাজকুমারী তাহাতে কবিতা লিখিতেছে]

রক্লা। কবিতা লিখতে আজ আর ভালো লাগছে না—!

মালবিকা। তবে কি স্থী নাচ্বো—

চতুরিকা। না স্থী গাইবো ?

নিপুণিকা। নাচ্তেও হ'বে না—গাইতেও হ'বে না—এ দেখ্ প্রহরিণী আবার কি সংবাদ নিয়ে এলো—

রত্না। কি সংবাদ প্রহরিণী?

প্রহরিণী। মহারাজ বলে পাঠালেন-—অনেক দেশের অনেক রাজপুত্র রাজকন্সার সঙ্গে প্রতিযোগিতা করতে এদেছে—

স্থীরা সকলে। কি সর্ব্বনাশ!

চতুরিকা। তাথ্বলে দে—স্থীর মাথা ধরেছে—

মালবিকা। না-না--বলে দে-স্থা কবিতা লিখ্ছে-

বাসন্তিকা। না---না---বলে দে--- দূর-ছাই---বল্না---স্থী

ঘুমুচেছ—

নিপুণিকা। না—না—না—এই—ইয়ে—বলে দে—সখী আমাদের হারিয়ে গেছে—!

রত্না। কিছু তোকে বলতে হবে ন'—প্রহরিণী—ন'—না,— গিয়ে বল—আমি প্রস্তুত!

দকলে। কি দৰ্বনাশ!

মালবিকা। স্থী তুই রাজ-সভায় যাবি ?

রত্বা। না--

চতুরিকা। তবে?

রত্ব। প্রতিযোগীকে আমার এখানে আমতে হ'বে—

সকলে। কি সর্ববনাশ!

বা**দন্তিকা। আমি তা' হলে কোথা**য় **পালাই** ?

নিপুণিকা। (সভয়ে) ঐ যত-রাজ্যের রাজপৃত্তুর তরোয়াল হাতে নিয়ে মার মার করতে করতে রাজকুমারীর অন্দরে এসে ঢুকবে নাকি ?

রত্না। না—তা কেন ? যারা আমার দঙ্গে প্রতিযোগিতা করতে চায়—প্রাহরিণী তাদের এক এক করে নিয়ে আস্বে।

#### [ কমলার প্রবেশ ]

কমলা। কিন্তু সই, আমি তাদের পরিচয় জিজ্ঞেদ করবো।
কেউ যদি রাজপুত্র বলে নিজের পরিচয় না দিতে পারে
ত' আমি কিছুতেই তাকে প্রতিযোগিতায় যোগ দিতে
দেবোনা—

রত্ন। তুমি ঠিক কথা বলেছ সই—

সকলে। কিন্তু আমরা কোথায় থাক্বো?

রত্না। তোমরা দর্বাই এখানেই থাক্বে—তোমরা হ'বে দক সাক্ষী।

নিপুণিকা। কিন্তু বিচারক হবে কে?

চতুরিকা। ঠিক কথা—কে জিত্লো, কে হারলো—সেটা ত' ঠিক হওয়া চাই—

কমলা। সে তোমাকে ভাবতে হবেনা—সেজন্ম রয়েছি আমি। রত্না। প্রহরিণী—এইবার তুমি সকলের আগে যে রাজপুত্র এসেছে—তাকে পথ দেখিয়ে নিয়ে এসে!—

[প্রহরিণীর প্রস্থান]

বাসন্তিকা। আমার কিন্তু ভয় কচ্চে সই—

রত্না। ভয় ?—দাঁড়িয়ে দেখ্—একে একে আমি দবাইকে পরাজিত করবো!

[ অঙ্গদেশের রাজপুত্রের প্রবেশ ]

(রাজপুত্র দোজা চলিয়া আদিতেছিল। কমলাতাহার পণ রোধ করিয়া কৃছিল)

কমলা। আপনি কোন্ দেশের রাজপুত্রর?

অঃ রাঃ। তুমিই কি রাজকন্সা ?

কমলা। উহু —

অঃ রাঃ। তবে কে তুমি ?

কমলা। আমি তার স্থী-

- অঃ রাঃ। আমার পরিচয় আমি রাজকন্তার কাছে দেবো—
  ক্মলা। সেটি হচ্ছেনা রাজপুত্তুর—আদেশ নেই।
  অঃ রাঃ। তার মানে ?
- ক্মলা। তার মানে—আমার কাছে পরিচয় দিতে হবে— তারপর হবে রাজকুমারীর সঙ্গে প্রতিযোগিতা—
- আঃ রাঃ। বেশ—দিচিছ আমার পরিচয়—আমি অঙ্গদেশের রাজপুত্র—নাম, জিঘাংসা। নৃত্যে আমি বিশ্বজয় করবো

  —মনস্থ করেছি। আমার দাগুরী নৃত্য যদি তোমরা দেণ্তে চাও—তবে সব চোখ মেলে আমার দিকে তাকাও—

## [বলিয়াই জিঘাংসা আপন মনে নাচিতে লাগিল]

- রত্ন। প্রহরিণী—অঙ্গদেশের রাজপুত্র জিঘাংসাকে পথ দেখা—
- আঃ রাঃ। পথ দেখাবে ? কেন আমি কি হারিয়ে গেছি নাকি ? কমলা। ঠিক তা নয়—তবে রাজকন্সা বল্ছেন—আপনার বিচ্যা-বৃদ্ধি শেষ নাকি ধরা পড়ে গেছে—
- খঃ রাঃ। এ দেশে বিভা-বুদ্ধিকে ধরে রাখ্বার ব্যবস্থা আছে নাকি ? তবে আমি জ্যাঠামশাইকে গিয়ে কি বলবো ?
- কমলা। বল্বে···বল্বে বিদ্যা আর বুদ্ধি ছুটোই একসঙ্গে খাঁচায় ধরা পড়েছে···
- ত্মঃ রাঃ। ই্যাগা, তা' কোন্ থাঁচায় ধরলে একটু দেখাবে না… ?

রহা। প্রহরিণী-

অঃ রাঃ। না-না-এই আমি যাচ্ছি-যাচ্ছি-

[ পিছনে তাকাইতে তাকাইতে প্রস্থান। সঙ্গে সঙ্গে সখীর দল হাসিয়: উঠিল ]

মালবিকা। ওমা! এই নাকি রাজপুত্তুর ? কমলং! চেহারায়!

| সকলে হাসিয়া উঠিল ]

বাদন্তিকা। তা' হ'লে আর কোনো ভয় নেই—এ লড়াই দেখতে আমাদের ভারী মজা লাগ্বে—

নিপুণিকা। ঐ দেখ—প্রহরিণী আবার কাকে সঙ্গে করে নিয়ে আসছে—

[প্রহরিণীর সহিত কাঞ্চী-রাজপুত্রের প্রবেশ ]

- কমলা। হাঁা, চেহারা দেখে রাজপুতুর-রাজপুতুর মনে হচ্ছে বটে!
- রহা। কিন্তু তুমি পরিচয় জিজেন্ করতে ভুলোনা কমলা—

  [কাঞ্চী-রাজপুত্র হন্ হন্ করিয়া অগ্রদর হইতে গছিল,

  কমলা তাহাকে জিজাসা করিল]
- কমলা। নিজের পরিচয় দিয়ে তবে প্রতিযোগিতায় অগ্রসর হবেন রাজপুত্র!
- কাঃ রাজপুত্র। তুমি বুঝি রাজকুমারীর সহচরী ?

- কমল।। আপনি ঠিকই অনুসান করেছেন রাজপুত্র—আমি ভার দখী।
- কাঃ রাজপুত্র। পরিচয় ?-—ইন, পরিচয় দেবো বৈ কি! আনি কাঞ্চীর রাজপুত্র—বিশাবস্থা খুব ছেলেবেল। থেকেই সঙ্গীত-চর্চ্চা করে আস্তি। আমি তাই সঙ্গীতেই রাজকুমারীকে প্রতিযোগিতায় আহ্বান কচ্ছি—
- কমলা। অতি উত্তম প্রস্তাব। আপনি আসন গ্রহণ করুন।

  রিজিকুমাব আসন গ্রহণ করি লেন।

কমলা। এইবার আরম্ভ করুন অপেনার গান।

কাঃ রাজপুত্র। গান স্থক করার আগে আমার একটা কথা আছে। আমি গাইব দীপক রাগ, দেই দীপক রীগিণীতে দকলের চোথের সাম্নে জ্বলে উঠ্বে আগুন—যদি রাজকুমারীর সাধ্য থাকে—তবে ভিনি মেঘমল্লার গেয়ে—রৃষ্টি-ধারায় সেই আগুন নিভিয়ে দেবেন—যদি তা' পারেন ত' ভালোই; নইলে—সেই অগ্নি সমস্ত মোহনপুর রাজ্য ভস্মীভূত করবে—

রত্ন। আমি প্রস্তুত রাজপুত্র,—আপনি স্থরু করুণ আপনার সঙ্গীত।

# কাঞ্চী-রাজপুত্রের গান

দীপক রাগেতে হানো হানো অশনি ফণীর মাণার যেন জলিছে মণি এসো আজ ঝড়ের সাথে
এসো ঝঞা নিরে
এসো তুমি প্রলয়-সাথে
এসো ওগো কেশ ছলিয়ে—
অমঙ্গলের দেব—এসো হে শনি
দীপক রাগেতে হানো হানো অশনি।

দীপক দহনেতে জলিবে অনল—
জালাবে সকল দিক্ সে বাড়বানল
নাচি নটরান্তের তালে—
এসো আজ ধ্বংসলীলা—
ঢাকো যবনিকার জালে—
আজি ওই নভের নীলা—
অনল-শিথার লাল কাল রজনী!
[ গানের সঙ্গে সকলের সমূধে আগুন জলিয়া উঠিল।
সখীরা ভীত ত্রস্ত কঠে কহিল]

সকলে! কি সর্বনাশ! আগুন! আগুন! আগুন! রত্না। তোরা ভয় পাস্নে সই—আমি গান গাইব—বর্ষার গান
—তোরা আমার গানের সঙ্গে নাচ দেখি—

#### রত্নার গান

বাদল-ধারার ঝর্ঝরানি কানের মাঝে বাজে বাজে— উদাস পরাণ কোথায় টানে কোন্ অসীমে জানি না যে ! সজন মেঘের তারে তারে—

করছে বারি অকোর ধারে—

বাদল রাণীর কারা শুনে বসেনা মন কোনো কাজে!

শুামল ধরায় বন্তা এলো বর্ধা-রাণীর কালা-বাণে—
ঝর্ঝরানি—ঝর্ঝরানি ঝর্ঝরানি শুনছি কানে
ভিজল যে ঐ গাছের শাখা
একলা কপোত ঝাড়ছে পাখা
মন যে আমার সিক্ত হ'ল—ঝর্ঝরানি গানের মাঝে!

[ গানের সঙ্গে সঙ্গে আকাশ থেকে বর্ধার ধারা নেমে আগুনকে নিবিয়ে দিলে ]

কাঃ রাঃ। আমি—হঁ্যা, আমি পরাজয় স্বীকার কচ্ছি। কিন্তু
সেই পরাজ্বয়ের সঙ্গে মিশে রইল—এক গর্বব, যে এমন
গান শোন্বার সোভাগ্য আমার হ'ল। আমি মৃক্তকণ্ঠে
ঘোষণা কচ্ছি—রাজকুমারীর এই সঙ্গীত-নৈপূণ্য ভারতের
বিশ্ময়। আর বিদায় নেবার আগে বলে যাচ্ছি—
রাজকুমারী রত্বা,—তুমি আমার প্রাণম্য—

[উদ্দেশে প্রণাম করিয়া প্রস্থান ]

মালবিকা। কিন্তু আগুনটা ঠিক নিভেছে ত'? তুই দেখ্ ত' চতুরিকা।

চতুরিকা। দরকার থাকে—তুই একটু এগিয়ে দেখনা— বাসন্তিকা। না—আমি আর একটু জল এনে ঢেলে দেবো ? নিপু িকা। সখীর গানে—সব আগুন একেবারে জল হয়ে গেছে—তোর যদি ভয়ে জল তেন্টা পেয়ে থাকে ত' বল্— সখীকে আর একবার গাইতে বলি—

রত্ন। সথি কমলা, একবার প্রহরিণীকে ডাক ত'---

| কমলা বর গালি দিয়া প্রহরিণীকে ডাকিল ] [ প্রহরিণীব প্রবেশ ]

রব্ল। প্রতিযোগিতা-প্রার্থী আর কোন্ রাজপুত্র আছে—ডেকে নিয়ে আয়—

প্রহরিণী। রাজকুমারী, ওরা—

রত্না। হাঁা, ওরা কি ?

প্রহরিণী। কাঞ্চী-রাজপুত্রের পরাজয়ে আর কেউ পরীক্ষায় অগ্রসর হ'তে সাহসী হচ্ছে না—

কমলা। অতি স্থদংবাদ প্রহরিণী, আমি তোমায় এই রত্নহার পুরস্কার দিচ্ছি—

[ পুরস্কার প্রদান ও প্রহরিণীর প্রস্থান ]

আর শোনো সখিগণ,—আজকের রজনীতে হ'বে আমাদের বিজয়োৎসব—গানের স্থরে আর নৃত্যের ছন্দে…তোমরা এই মধু-রজনীকে সার্থক করে তোলো—

[ বিজ্ঞাংসৰ স্থক হইল—দখীদের নৃত্যের তালে—আর কঠের সঙ্গীতে—রাজকুমারীর মহল মুথরিত হইরা উঠিল ]

#### স্থীদের গান

হরিণ চোথে কাজল দিয়ে করবো উজল—
বোঁপায় দেবো যুথীর মালা মান্বো না ছল
আলতা রাঙা যুগল চঃণ
দোনার নূপুর তায় আভরণ
নয়ন কোণে আজকে গুণুই থেল্বে চপলা!

প্রদীপ ধরে দেখবো মধুর আননথানি—
কদম বনে কইব শুধুই গোপন বাণী
তোমার মুখের মধুর আলে।
চন্দনে আজ লাগ্বে ভালে।
মুখের হাসি নইলে আজি রাত্রি বিফল!

িগান গাহিতে গাহিতে—বাণী ও কমলা ব্যতীত অন্ত সকলে—রাজকুমারীকে লইয়া ভিতরের দিকে চলিয়া গেল। বাণীও তাহাদের অনুসংগ করিতেছিল, এমন সময়—কমলা ডাকিল]

কমলা। সরস্বতী---

[বাণী থমকিয়া দাড়াইল--কহিল]

বাণী। কি লক্ষী--?

কমলা। আজিকার এই জয়—এশ্বর্য্যের জয়। মনে কোরোনা এ তোমার কৃতিত্ব;—যতক্ষণ আমি রাজকুমারীর পার্শে আছি—কারো সাধ্যি নেই যে তাকে প্রতিযোগিতায় হারায়— বাণী। কিন্তু আমি তোমায় বলে রাখ্ছি—লক্ষ্মী,—একদিন
এই রাজকম্যাকেই জগতের দীনতম ভিক্ষুকের কাছে
পরাজয় স্বীকার করতে হবে—আর সেই দিনটির জম্য
আমি তোমায় উন্মুখ আগ্রহে প্রতাক্ষা করতে বল্ছি
ভগ্মি!

# ष्ट्रिजीय व्यक्त

#### প্রথম দৃষ্য

[বনপণ। পরাজিত রাজপুত্রগণ মনের থেলে ফিরিয়া চলিয়াছেন]

- কাশী-রাজপুত্র। আমরা পরাজিত হয়েছি স্ত্যু, কিন্তু এমন বিচ্ঠা-বৃদ্ধি যায়—
- কাঞ্চী রাঃ পুঃ। শুপু কি বিছা ? সঙ্গীতের গল্প—শুন্লিনে আমার কাছ থেকে ?
- জঃ রাঃ পুঃ। আর নৃত্যে যখন স্বয়ং আমি পরাজিত হয়েছি—
  তখন পৃথিবীতে এমন কেউ নেই—যে ঐ রাজক্সার সাম্নে
  গিয়ে দাঁডায়—
- কোঃ রাঃ পুঃ। কাজেই এই রাজকষ্ঠার কাছে পরাজিত হওয়ায়
  আমাদের কোনো অপমান নেই—!
- সকলে। না—অপমান আবার কিসের? কোনো অপমান নেই!

#### [ সহসা বাণীর প্রবেশ ]

- বাণী। অপমান নেই ? একথা তোমরা সবাই বল্তে পারলে ? কাশী-রাজপুত্র। কে তুমি ?
- কাঞ্চী-রাজপুত্র। কি চাও—?
- বাণী। কিছুই চাইনে—শুধু জিজ্ঞেদ্ করতে চাই যে—রাজপুত্র

হয়ে তোমরা যে স্বাই এক রাজকন্সার কাছে মাথা হেঁট করে চলে এলে—তাতে কি কোনই অপমান নেই ?

সকলে। কে বল্লে ?—কে বল্লে—আমরা মাথা হেঁট করে চলে এদেছি—?

वांगी। (क वरहा! वतः वन (क वरहां ना!

সকলে। তার মানে—তার অর্থ ?

বাণী। তার মানে এই যে, তোমাদের পরাজ্যের কাহিনী এরই মধ্যে চারদিকে ছড়িয়ে পড়েছে—

সকলে। এরই মধ্যে চারদিকে ছড়িয়ে পড়েছে ?

বাণী। ছড়িয়ে যদি না-ই পড়ে ত' আমি জান্লুম কেমন করে ?

সকলে। তা-ও ত' বটে!

বাণী। আর শুধু কি তাই?

সকলে। আর কি!

বাণী। তোমাদের হারিয়ে দিয়ে রাজকষ্যা—আজ রাত্রে বিজয়োৎসব কচ্ছে—

কাশী-রাজপুত্র। অঁগা! বল কি?

কোঃ-রাজপুত্র। তা' রাজকণ্ঠা—একটু আমোদ করবে—এতে আর দোষ হয়েছে কি ?—কি বল কাশী-রাজপুত্র—কি বল কাঞ্চী-রাজপুত্র—তুমি কি বল অঙ্গ-রাজপুত্র ?

সকলে। হাা—দে ত' ঠিক কথাই—দে ত' ঠিক কথাই—

#### বাণীর গান

জেগে যে জন ঘুমোয় তারে জাগায় এমন সাধ্য কার—

অব্ঝ জনে বোঝাই আমি নাই ক্ষমতা নাই আমার !

মোহের ঘোরে বেঁধে নয়ন

অলীক কথা করবে চয়ন

আলো সে জন দেখবে কিনে—নয়নে যার ঘোব অগিব র

কাশী-রাজপুত্র। ওরে—ওরে—ও আমাদের গান গেয়ে গাল দিচ্ছে না ত'? কাঞ্চা-রাজপুত্র। তাইওঁ! অনেকটা দেই রক্মই ত' মনে

হচ্ছে---

## বাণীর গান

বলদ গরু তাড়াও যদি সেও ত আসে শিং নে:ড়
( আবার) হেঁট করে কেউ মুণ্ডু বলে, 'মান অপমান দিন ছেডে'
অব্ঝ লোকে বোঝায় কেবা
অপমানের করবে সেবা—
ভাড়িয়ে দিলেও বল্বে হেনে দবার ওপর মান আমার!

অঙ্গ-রাজপুত্র। না---এবার আর'ভুল নয়---গালই দিচেছ বটে!

কোঃ-রাজপুত্র। ই্যা—এ একেবারে নিছক গাল—

কাশী-রাজপুত্ত। ভ্—পরিক্ষার—ঝরঝরে—বুঝতে এতটুকু কফ

হচ্ছে না---

কাঞ্চা-রাজপুত্র। **অঙ্গ-রাজপুত্র,—কোশল-রাজপুত্র,**—কাশী-রাজ-

পুত্র, নাঃ এ সত্যিই আমাদের অপমান করেছে—ধর সবাই তরোয়াল বাগিয়ে—

সকলে। হঁ্যা ধর সবাই—একে শাস্তি দিতে হবে— বাণী। উঃ—খুব ত' তোমাদের বুদ্ধি—

কাঞ্চী-রাজপুত্র। কেন---বুদ্ধির অভাব কোথায় ঘট্ল শুনি ?

- বাণী। আমি নিরাশ্রয় এক গাঁয়ের মেয়ে—কি বলেছি না বলেছি—তার নেই ঠিক—চার রাজপুত্র এলে তরোয়াল বাগিয়ে আমায় সাজা দিতে—
- সকলে। বাং, রাস্তার মাঝখানে দাঁড়িয়ে অপুমান করলে সাজা দেবো না ?
- বাণী। বটে! আমার কোনো সহায়-সম্পদ নেই বলে আমায় দেবে সাজা—আর এই কোশল-রাজপুত্র—এই কাশী-রাজপুত্র—এই কাঞ্চা-রাজপুত্র—এই অঙ্গ-রাজপুত্র যখন রাজকন্মার কাছে পরাজিত হয়ে মাথা হেঁট করে চলে এলে —তথন তোমাদের অপমানটা ছিল কোথায় শুনি ?

কোঃ-রাজপুত্র। বটে এতদূর আস্পদ্ধা—?

- কাশী-রাজপুত্র! কিন্তু যাই বল ভাই তোমরা,—ও এক বিন্দুও মিথ্যে কথা বলেনি—
- কাঞ্চী-রাজ্পুত্র। আচ্ছা, কি করি বল ত' আমরা ? রাজকম্মার কাছে হেরে গিয়ে অপমান হজম করেই ফিরে আস্তে হ'ল—

বাণী। কেন তোমরা অপমান হজম করবে ?

সবাই। তবে—তবে ?

বাণী। এই দারুণ অপমানের চরম প্রতিশোধ নাও---

সবাই। প্রতিশোধ নেবো—আমরা ?

বাণী। হাঁা, প্রতিশোধ নেবে তোমরা। তোমরা ত' কেউ মূর্থ নও—বিভায়-বৃদ্ধিতে, জ্ঞানে-গরিমায—কিসে তোমরা রাজকন্থার ছোট শুনি ?

কাঞ্চী-রাজপুত্র। তাই ত' আমরা এতক্ষণ ভাবছিলুম—কিদে আমরা ছোট!

রাণী। না, তোমরা ছোট নও। রাজকুমারী ঐশ্বর্য্য-গর্কে তোমাদের ছোট করে দেখেছে—তোমরা তার প্রতিশোধ নাও—

কাশী-রাজপুত্র। ঠিক—সত্যি কথা বলেছ তুমি। এর প্রতিশোধ
নিতেই হবে।

কাঞ্চী-রাজপুত্র। কিভাবে প্রতিশোধ নেবো আমরা ?

বাণী। কিভাবে প্রতিশোধ নেবে ?—তবে শোনো—না—ঐ যে দেখ—

[ वंगी अञ्चलि पिया पृत्त कि (पथाहेन, जवाहे (जहे पित्क ठाहेन ]

কাশী। ও ত' একটা কাঠুরে—

বাণী। কাঠুরে ত' কিন্তু কি কচ্ছে ?

সৰাই। গাছ কাট্ছে-

- বাণী। গাছ ত' কাটুছে কিন্তু মজা দেখেছ ?
- কাশী-রাজপুত্র। আরে তাই ত'রে—যে ডালে বসেছে দেই ডালই কাট্ছে যে—
- সকলে। আরে—আরে—ও যে এক্ষুণি ধুপ্ করে মাটিতে পড়ে যাবে—
- বাণী। পড়ে যাক্—তাতে ও মরবে না, কিন্তু তোমরা কি করবে শোনো!
- কৌশল। কি আর করবো—চ্যাং-দোলা করে কোনো একটা দেবাশ্রমে পাঠিয়ে দেবো—
- বাণী। মূর্খ ! হ্যা, দেই জন্মেই অপমান তোমাদের গায়ে লাগে না— কাঞ্চী। না, না—অপমানের কথাটা আবার নূতন করে মনে হচ্ছে, আমি কাঞ্চী-রাজকুমার এমন চমৎকার করে গান
  - গাইলুম আর আমায় বলে কি না—
- বাণী। যা বলে ফেলেছে তার আর কোনো উপায় নেই… কিন্তু যা করতে হবে শোনো—
- কাঞ্চী। বল---বল---ভুমি যা বল্বে আমি তাই শুন্বে!---

সকলে। যোগ্য প্রতিশোধ হকে—

বাণী। যদি এই দেরা মূর্থের সঙ্গে তার বিয়ে দিতে পারো। সকলে। ঠিক—ঠিক—ঠিক!

কাঞ্চী। কিন্তু আমরা বল্লেই রাজকুমারী ওকে বিয়ে করবে কেন ? আগে ত' পরীক্ষায় রাজকুমারীকে হারাতে হবে—

বাণী। ই্যা, হারাতে হবে—দে আমি জানি। কিন্তু কৌশলে তাকে তোমরা হারাবে—

मकरल। कि तकम-- कि तकम?

বাণী। তবে বলি শোনো—ওকে তোমরা ডাকো। ডেকে
বলো, ও যদি বোবা দেজে থাকে ত' রাজকন্সার দঙ্গে
তার বিয়ে দেবে—আর রাজকন্সাকে বল ও একটা
প্রকাণ্ড দিক্পাল পণ্ডিত; কিন্তু বোবা। রাজকন্সা
যা-ই কেন জিজ্ঞেদ করুন না—ও শুধু মাথা নাড়বে—
আর তোমরা তার একটা অর্থ বের করে বল্বে—ওই
জিতেছে—বুঝ্লে?

मकरल। ठिक्-ठिक्-ठिक्-

কাঞ্চী। এ একটা বৃদ্ধির মতো বৃদ্ধি হয়েছে। যেমন আমাদের হারিয়ে দিয়েছে—এইবার রাজকন্সা তার প্রতিফল পাবে···

[ নেপথ্যে তাকাইয়া ] ওরে ে শুন্ছিস্— ? ে

বাণী। তা হ'লে ওকে তোমরা শিখিমে-পড়িয়ে নাও—আমি চল্লুম।

(প্রস্থান)

কাশী। ওরে—ওরে—এইদিকে তাকা না—
(নেপথ্যে) কালিদাস। কে ডাক্ছে ?
কাশী। আরে গাছ থেকে নেমে আয় না—দেখ্তে পাবি কে
ডাক্ছে—

কোশল।. ই্যা-ই্যা—তোরই ভালর জম্মে।

[ কালিদাসের প্রবেশ ]

কালিদাস। আমায় ডাক্ছ ?—ওরে বাবা—এরা কে গো! কাশী। আমরা সব রাজপুতুর…

কালিদাস। আজে, তা ত' চেহারা দেখেই বুঝতে পাচ্ছি—
ঝক্ঝকে পোষাক—হাতে তরোয়াল—মাথায় মুকুট—
আমি কি আর রাজপুত্রর চিনিনে—

কোশল—তোর ত' খুব বুদ্ধি দেখ্ছি—

कानिमाम। (इँ—(इँ—(इँ—(इँ—

কাশী। তা এতই যদি তোর বুদ্ধি—তবে যে ডালে বদেছিলি সেই ডালই কাট্ছিলি কেন রে হতভাগা ?— কালিদাস। বা রে! আমার যে কাঠের দরকার!

কোশল। আরে বোকা! কাঠের দরকার তা কাট না—কি স্ক

যে ডালে বসেছিলি সেই ডাল কাট্লে যে একেবারে মাটিতে পড়ে যেতিস্।

কালিদাস। [পেছন দিকে তাকাইয়া] খাঁঁয়া! তাই নাকি! তবে ত' আজ বড্ড বেঁচে গেছি—

কাশী। দূর! তুই একেবারে বোকা!

কালিদাস। হেঁ—হেঁ—জোনলে কি করে ? সবাই আমায ঐ বলে ডাকে !

কোশল। এই—তোর নাম কি?

কালিদাস। নাম আমার একটা আছে—

কাশী। আরে । এ তো আচ্ছা বোকা···নিজের নামটা জানিসনে।

কালিদাস। জানি—জানি েরোসো েমনে করে দেখি ।

স্বাই হাসিতে লাগিল

कालिनाम । মনে পড়েছে ... মনে পড়েছে ..

मकल। कि রে कि?

কালিদাস। কালিদাস—কালিদাস! পাঠশালায় আমার ঐ
নাম ছিল।

কোশল। তুই আবার পাঠশালায়ও পড়েছিলি নাকি ?

কালিদাস। হুঁ—পড়িনি আবার! এক বছর পড়েছিলাম।

কাশী। কি শিখেছিলি সেখানে ?

কালিদাস। উট্র! আন্ত্র! আরো কত কি!

কোশল। আচ্ছা, ও-সব কথা থাক্ · · বাজার মেয়ে বিয়ে করবি ? কালিদাস। রাজার মেয়ের স্বয়ম্বরের কথা শুনেই ত' বাড়ী থেকে বেরিয়েছিলাম—কিন্তু গোবর্দ্ধন ত' আমার কথা ঠাট্টা করেই উড়িয়ে দিলে!

কাশী। গোবৰ্দ্ধন আবার কেরে?

- কালিদাস। ও! তোমরা গোবর্জনকে চেন না? আমার বন্ধু।

  সবাই বলে সে নাকি খুব চালাক।
- কাঞ্চী। আর তুই বুঝি খুব বোকা? শোন, আমরা রাজকন্সার সঙ্গে তোর বিয়ে দিয়ে দিতে পারি—
- কালিদাস। হেঁ—হেঁ—হেঁ—তা রাজপুত্রুরদের বাদ দিয়ে রাজার মেয়ে কি আমার গলায় মালা দেবে ?
- কাশী। দেবে রে—দেবে। তোকে শুধু একটি কাজ করতে হবে।
- কালিদাস। কি কাজ ?
- কোশল। তোকে বোবা সেজে থাকতে হবে! একটি কথাও কইতে পান্নবিনে—
- কালিদাস। কিন্তু তাতে রাজকষ্ঠা রাগ করে যদি মালা না দেয়?
- কাশী। দেবে রে—দেবে। দে ভার আমাদের।
- কালিদাস। তা হ'লে ত' ভারী মজা! গোবর্জনটা আচ্ছা জব্দ হবে—! ও গো রাজপুত্তুররা—

मकला। कि রে कि?

কালিদাস। আমার একটা গান গাইতে ইচ্ছে হচ্ছে। গাইলে তোমরা রাগ করবে না ত'?

[ সকলে হাসিয়া উঠিল ]

কাশী। না রে, রাগ করবো না—তুই গা দেখি—

#### কালিদাসের গান

গান গাবে কি নাচবো আগে—সেইটে গুরু ভাবি—কোনটা আগে করবো ভেবে—পরাণ যে থার থাবি !
গাঁপৰে মালা রাজার মেয়ে
কোন ফাঁকে তা আনব চেয়ে
গোবর্দ্ধনে বল্ব ডেকে—সঙ্গে আমার যাবি ?
গান গাবো কি নাচবো আগে সেইটে গুরু ভাবি—

কোশল। নে—নে—আর ভাবতে হবে না—চল্ আমাদের সঙ্গে—

কালিদাস। [ভয়ে ভয়ে] কোথায়? সকলে। রাজ্বাড়ী রে—রাজবাড়ী।

# দ্বিতীয় দৃষ্ঠ

[রাজকন্তার অন্তঃপুর। স্থীরা গান গাহিতেছিল। রাজকন্তা পালকে শ্যান]

#### স্থীদের গান

কোন্ পথে গো—কোন্ পথে—?
রাজার কুমার আদ্বে উড়ে পক্ষিরাজের কোন্ রথে ?
কোন্ পথে গো কোন্ পথে !
আসবে সে কি দখিন হাওয়ায়
ফুল ফোটানর গানটি গাওয়ায়
হাল্কা মেবের আল্তো ভেলায়—
কোন্ পথে গো কোন্ পথে—
পথের কাঁটা দ্র হবে তাই ছড়ায় সথী পুষ্প-ডোর
জ্ঞন্তানিয়ে কইবে কথা কবে সথীর মন-ভ্রমর
আদ্বে সে কি চাঁদের মালায় `
আকাশ পানে তাই সথী চায়—
ভক্তারা কি সন্ধ্যা-তারায়
কোন্ পথে গো কোন্ পথে!
[প্রহরিণীর প্রবেশ]

প্রহরিণী। এসেছে রাজকুমারী—
চতুরিকা। কে এসেছে রে ?
প্রহরিণী। এই খানিক আগে যারা রাজপুরী থেকে চলে গেল।

নিপুণিকা। সেই রাজপুত্রের দল ?

প্রহরিণী। হাা, তারাই-

মালবিকা। কিন্তু তারা ত' রাজকম্মার কাছে পরাজিত হয়েই গেছে—

প্রহরিণী। কিন্তু—তারা এবার আবার কাকে সঙ্গে নিয়ে এসেছে—

বাসন্তিকা। কাকে দঙ্গে নিয়ে এদেছে ?

প্রহরিণী। তারা বলছে—ভারতবর্ষের সবচাইতে বড় পণ্ডিতকে তারা সাথে করে নিয়ে এসেছে—তারই সঙ্গে আমাদের রাজকুমারীর বিচার হবে—

হেমন্তিকা। বিচার হবে—দে ত' বেশ ভাল কথা—!
আমাদের রাজকুমারী কি কাউকে ভয় পায় ?

প্রহরিণী। কিন্তু-একটা গোলমাল বেধেছে যে-

চতুরিকা। আবার কি গোলমাল বাধল ?

প্রহরিণী। সেই পণ্ডিত কথা কইতে পারেন না—একেবারে বোবা!

সকলে। বোবা!

নিপুণিকা। তবে কি করে রাজকুমারীর সঙ্গে বিচার হবে ?

প্রহরিণী। তারা বল্ছে—সেই পণ্ডিত ইসারায় রাজকুমারীর প্রশ্নের জবাব দেবে—আর পণ্ডিত কি জবাব দিলে সে-কথা সেই রাজপুত্রুররা মুখে সবাইকে শুনিয়ে দেবে।

- মালবিকা। এ কি সর্বানেশে কথা—রাজকন্সার হবে-বোবা বর!
- বাসন্তিকা। দূর বোকা! বর যে হবে—তা তোকে কে বল্লে— রাজকন্মা ত' তাকে হারিয়েও দিতে পারে—
- সকলে। না—না—ৰ বোবা-টোবা চল্বে না বাপু এখানে—
- হেমন্তিকা। মহারাজ কি বল্লেন প্রহরিণী ?
- প্রহরিণী! মহারাজ খুব আপত্তি জানিয়েছিলেন—কিন্তু তারা বল্ছে—রাজকন্মার পণ—
- রত্ন। সত্যি কথা প্রহরিণী, আমি যখন পণ করেছি—বিচার আমি তার সঙ্গে করবই—তুমি নিয়ে এসো সেই পণ্ডিতকে —আর তার জবাব যে বুঝিয়ে দিতে পারবে—সেই রাজপুত্রকেও সঙ্গে এনো। কিন্তু মনে রেখো প্রহরিণী, একজন রাজপুত্রের বেশী এখানে কেউ আসতে পারবে না।

### [ কমলার প্রবেশ ]

- কমলা। সেজত্যে তোমার কোনো ভাবনা নেই রাজকুমারী— সেজত্যে রইলুম আমি ঘারে। যাও প্রহরিণী, তুমি ওদের নিয়ে এদো—
- প্রহরিণী! यथा আছে !

[প্রণাম করিয়া চলিয়া গেল।]

- নিপুণিকা। কিন্তু বোবা যে! না বাপু, এ সব কাণ্ড আমার মোটেই ভাল লাগছে না—রাজকুমারী, তুমি শুধু একটিবার বল—আমি মহারাজের কাছে গিয়ে—
- রত্না। তুই চুপ্ কর নিপুণিকা। রাজার মেয়ে আমি। পণ করেছি—দে পণ রক্ষা আমি করবই। তা ছাড়া, প্রহরিণীর মুখে শুনলাম—ভারতবর্ষের শ্রেষ্ঠ পণ্ডিত। কেমন পণ্ডিত আমি বিচার করে একবার দেখবো না ?
- কমলা। ওই যে—ওরা আসছে—

[ কালিদাসকে লইয়া কাঞ্চী-রাজপুত্রের প্রবেশ ]

- কাঞ্চী। এই যে রাজকুমারী রত্না, নমস্কার। আমাকে গানে পরাজিত করেছিলে—কিন্তু এবার আমার সঙ্গে এসেছে —ভারতবর্ষের শ্রেষ্ঠ পণ্ডিত। একে যদি তুমি বিচারে হারিয়ে দিতে পারো ত' বুঝবো—তোমার সমান পণ্ডিত জিসংসারে কেউ নেই।
- রক্ষা। গর্ব্ব করতে চাইনে—কাঞ্চী-রাজপুত্র। তবে রাজকষ্ঠা আমি পণ করেছি—সে পণ রক্ষা:আমি করবো— আপনার সঙ্গী—ভারতের শ্রেষ্ঠ পণ্ডিতের সঙ্গে আমি বিচার করতে প্রস্তুত। তবে বিচারের পূর্ব্বে আমার একটা কথা আছে।
- কাঞ্চী। কি বলুন--
- রত্ন। উনি ইঙ্গিতে আমার প্রশ্নের জবাব দেবেন ?

- কাঞ্চী। হ্যা, উনি বিশ্ববিখ্যাত পণ্ডিত বটেন, তবে উনি বাক্-শক্তিহীন—এ ছাড়া আর উপায় কি বলুন—
- রত্না। বেশ! তবে—আমিও প্রশ্ন করবো ইঙ্গিতে—উনি নিজের বুদ্ধি-বলে সেই প্রশ্ন বুঝে নিন্—
- কাঞ্চী। এ ত' অতি উত্তম প্রস্তাব। উনি প্রস্তুত। আপনি প্রশ্ন করুন—

রজা। বেশ!

কাঞ্চী। ও! এই আপনার প্রশ্ন! আচ্ছা, এইবার উনি তার জবাব দেবেন।……জিৎ—জিৎ……জিৎ! রাজ-কুমারী, আপনি আমার বন্ধুর কাছে পরাজিত হয়েছেন—

স্থিগণ। কি রক্ম? পরাজিত হয়েছেন কি রক্ম?

- কাঞ্চী। ও! আপনারা কেউ বুঝতে পারেননি বুঝি? বেশ আমি অথানাদের রাজকুমারীর প্রশ্ন আর আমার বন্ধুর উত্তর বুঝিয়ে দিচ্ছি—। রাজকুমারী ভূমিতে অঙ্গুলি রেখে বলতে চাইলেন—পৃথিবী স্থির—কিন্তু আমার বন্ধু মাথার উপর হাত ভুলে ঘ্রিয়ে তার উত্তর বল্লেন, পৃথিবী স্থির নয়—ঘুরছে—! এবার আপনারাই বলুন, রাজকুমারী আমার বন্ধুর কাছে পরাজিত কিনা—
- রত্ন। সথিগণ! কাঞ্চী-রাজপুত্র সত্যি কথাই বলেছেন— আমি তাঁর বন্ধু—ভারতের শ্রেষ্ঠ পণ্ডিতের কাছে পরাজিত।

নিপুণিকা। তাই নাকি · · · ? ওরে তোরা শাঁখ বাজা—ফুলের মালা কৈ ফুলের মালা · · · · · ওরে তোরা সবাই আয়, হুলুধ্বনি দে—

> [ হলুধ্বনি, শঙ্খধ্বনি । স্থীরা ছুটিয়া গিয়া ফুলের মালা লইয়া আসিল। রাজকন্তা কালিদাসের গলায় মাল্য দান করিয়া প্রণাম করিল।]

চল-চল-ওদের নিয়ে মহারাণীর কাছে যাই-

[ সকলের প্রস্থান

[সকলের শেষে কমলা চলিয়া যাইতেছিল—-এমন সময় পিছন হইতে—বাণী ডাকিলেন।

বাণী। লক্ষ্মী---

কমলা। কে! সরস্বতী-!

বাণী। হ্যা, আমি সরস্বতী—! তোমার দেদিনকার জয়ের প্রত্যুক্তর আজ পেয়েছ আশা করি।

কমলা। সেদিনকার জয়ের প্রত্যুত্তর ? তুমি কি বলতে চাও সরস্বতী ?

বাণী। দেদিনকার জ্বয় ছিল ঐশ্বর্য্যের জয়। আর আজ ?
হয়ত তোমার মনে আছে—আমি তোমায় বলেছিলাম
লক্ষী,—"একদিন এই রাজকন্সাকেই জগতের দীনতম
ভিক্ষুকের কাছে পরাজয় স্বীকার করতে হবে—"
আজ আমার কথা অক্ষরে অক্ষরে ফলেছে ?

কমলা। ঐ পণ্ডিত-জগতের দীনতম ভিক্ষুক-?

বাণী। হাঁা, শুধু দীনতম ভিক্ষুক নয়—জগতের দেরা মূর্থ।
কিন্তু আমার প্রদাদে—ও হ'বে—জগতের শ্রেষ্ঠ কবি।
যুগে যুগে পৃথিবীর লোক-—ওর বন্দনা গাইবে—ও হবে
মহাকবি কালিদাস—

কমলা। বটে! তোমার সমস্ত চেফী আমি ব্যর্থ করবো—
 এখনো বিবাহের সমস্ত অনুষ্ঠান শেষ হয়নি জেনো—।
 আমি রাজকুমারীকে গিয়ে সব বলছি—

[ জত প্ৰস্থান }

বাণী। হা—হা—হা—তুমি পারবে না! তুমি পারবে না—
[ প্রস্থান ]

[রত্নাকে শইয়া—স্থিগণের পুন: প্রবেশ— ]
মালবিকা। ওরে—এই কক্ষেই হবে—স্থীর বাসর-শ্য্যা—
নিপুণিকা। আয় আমরা গান গাই আর ঘর দাজাই—

#### স্থিগণের গান

কত যুগ ধরে মনের বনের কুস্থম কুড়ারে গাঁথা
মালাথানি দিয়ে বরিতে তাহারে হাতে-হাত হল বাঁধা !

যারে ছাড়া তোর ছিলনা কামনা—

যাহারে ভাবিয়া কাটাতে রাতি

সে পথিক ঘারে এসেছে—যে তোর
ভীবন-মরণ-পরাণ সাথী !
প্রাণের রাজারে বরিতে ছয়ারে রাখ্না আঁচল পাতা !

এক চোথে তোর বিদায়-অঞ্চ, মিলনের হাসি আরে—
সেই হাসিটুকু ঝক্কারি তোলো জীবনের তারে তারে!

এক তরী 'পরে তোমরা ত্র'জন

দিবস-রজনী মধুর কৃজন
আয় তোরা সবে মিলন-গীতিতে ত্র'জনার প্রাণ মাতা।

চতুরিকা। চল ভাই—এইবার আমরা বরকে সাজিয়ে নিয়ে আসি—

[রন্না ব্যতীত সকলের প্রস্থান ]

রত্ন। আজিকার রজনী—নারী-জীবনের চিরস্মরণীয়—। এ বিধাতার দান। এ তাঁরই ইঙ্গিত। কে জানে কোন্পথে এবার থেকে চলব—

### [ছুটিয়া চতুরিকার প্রবেশ]

- চতুরিকা। একটা কথা তোমাকে জিজ্ঞেস করতে ভুলে গেছি—
  তাই আবার ছুটে এলুম। স্থি, স্ত্যি করে বল্ আমায়
  —তুই স্থী হয়েছিস্?
- রত্না। সে কথা এখন কেন জিজ্ঞেস কচ্ছিস্ সই—! আর তিনি ত মূর্থ নন্—ভারতের শ্রেষ্ঠ পণ্ডিত আমার স্বামী।
- চতুরিকা। তা হলে স্থী হয়েছিস্বল্! যাই—ওরা বরকে সাজাচ্ছে—

[ ক্ৰত প্ৰস্থান ]

রত্ন। হ্যা, এ বিধাতার দান। নির্মাল্যের মতো আমি মাথায় তুলে নিলাম—

#### রভার গান

আমার জীবনে পছুক তোমার আলোক-রেথা—
সেই সে আলোকে কোথা মোর পথ যাইবে দেখা।
তোমার আশীধ ধরিয়া এ শিরে…
শুভ কামনার চলিব গো ধীবে—
পথের সাথীরে দিয়াছ মিলায়ে—নহি ত' একা!
আসে যদি ঝড়—বরষা-অনল ডরিবো নাকো…
হে প্রভু দরাল মঙ্গল হাত…মাথার রাথো—
আলোকে-আধারে তব নাম নিরা—
জীবন-তরণী চলিব বাহিয়া
আজি মধ্ রাতে ডাকুক হরবে কুতু ও কেকা!
[ দ্রুতবেগে কমলার প্রবেশ ]

কমলা। সথি—সর্বনাশ হয়েছে—
রত্না। [চমকিয়া উঠিয়া] কে! সথি কমলা। কি হয়েছে?
কমলা। আমরা প্রতারিত হয়েছি!
রত্না। প্রতারিত হয়েছি—! তুমি বলছ কি কমলা?
কমলা। শোনো সথি,—রাজপুত্রগণ মিথ্যা কথা বলে আমাদের
চোখে ধূলি দিয়েছে। যার গলায় তুমি মালা দিয়েছ—
সে পৃথিবীর দীনতম ভিক্ষুক—শ্রেষ্ঠতম মূর্থ!

রত্না। দীনতম ভিক্ষুক—শ্রেষ্ঠতম মূর্থ!

কমলা। হাঁা, সখি, ও বোবা নয় ;—পাছে কথা বল্লে বিভা প্রকাশ হয়ে পড়ে—সেই ভয়ে তাদের এই ছলনা!

রত্না। ও বোবা নয়—? দীনতম ভিক্ষুক—শ্রেষ্ঠতম মূর্থ—!

কমলা। হ্যা দখি। বিবাহের দকল অনুষ্ঠান এখনও শেষ হয়নি। এ বিবাহ তুমি অস্বীকার কর—তারপর চরম দণ্ডে দণ্ডিত কর—এ মূর্থ পণ্ডিতকে আর দেই দঙ্গে পরাজিত রাজপুত্রগণকে—

রত্না। আমায় একটু ভাবতে দাও সখি—

কমলা। না—। চিন্তা করবার সময় আর নেই—এ ওরা দেই
মুর্থ টাকে নিয়ে আসছে—। তুমি প্রস্তুত হও রাজকন্সা—

রত্ন। শোনো সখি,—আমি ওর সঙ্গে কথা বলতে চাই— আমি জানতে চাই—তোমার কথা সত্যি কি মিথ্যা, তুমি স্থীদের নিয়ে অন্য কক্ষে চলে যাও—আমি—আমি তোমাদের পরে ডাকবো—

[ গাহিতে গাহিতে কালিদাসকে লইয়া স্থিগণের প্রবেশ ]

### স্থিগণের গান

যারে ছাড়া তোর ছিলনা কামনা— যাহারে ভাবিরা কাটাতে রাতি— সে পথিক ধারে এসেছে—যে তোর জীবন-মরণ—পরাণ-সাধী! রক্ন। থামা গান—গান আর এখন ভালো লাগছে না—
সথিগণ। তা' ত' লাগবেই না সই—এখন গানও ভালো
লাগবে না—আমাদেরও ভালো লাগবে না—আমরা
পালাই চল—

[ নৃপ্রের রুত্ব ঝুত্ব শব্দ করিয়া প্রস্থান ]

### [ হঠাৎ রত্না জ্বিজ্ঞাসা করিল ]

রত্ন। তোমার নাম কি—তা' ত' আমায় বল্লে না—
কালিদাস। নাম ?…আমার নাম…দাঁড়াও—মনে করি……
হাঁ হাঁ। কালিদাস—কালিদাস—

রত্ন। তবে যে শুন্লাম তুমি বোবা ?

কালিদাস। বোবা! হঁ্যা···ঐ রাজপুত্তুরেরা আমায় শিথিয়ে

রজা। বটে!

কালিদাস। বেশ! তবে আমি কথা কইবো না—বোবার মতোই থাকবো—

রত্না। [হঠাৎ জান্লার দিকে দেখাইয়া] বল ত' ওটা কি যায়?

কালিদাস। উট্র—উট্র—

রত্ন। তবে—তবে কমলার কথা মিথ্যা নয়। ছঃখ ছিল না— দীনতম ভিক্ষুককে—কিন্তু—ল্রেষ্ঠতম মূর্থ···! ভগবান্··· কালিদাস। একি! রাজকন্তা! তুমি রাগ করলে?
রত্না। [ক্রোধে] তুমি আর আমার সম্মুখে এক মুহূর্ত্তও থেকো
না—যাও—যাও—
কালিদাস। [ভয়ে ভয়ে] রাজকন্তা—
রত্না। ও মুখ তুমি আমায় আর দেখিও না—আমার সম্মুখে
তুমি আর এদো না—যাও—যাও—

[ कानिमारमत भनायन ]

িকালিদাসের যাওয়ার সঙ্গে সঙ্গে বেদনায় রাজ্ঞকভা বেন শ্যার উপর ভাঙ্গিয়া পড়িল। যেন বজ্রপতনের শব্দ হইল। স্থিগণ ছুটিয়া আসিয়া জিজ্ঞাসা করিল— "কি হয়েছে স্থি—কি হয়েছে…" রাজ্ঞকভার নিকট হইতে কোনো প্রত্যুত্তর পাওয়া গেল না। একটা করুণ রাগিণী যেন বাতাসে মিশিয়া গেল।

# ठ्ठीय़ यक्ष

### প্রথম দৃশ্য

[বনপথ। হলা করিতে করিতে রাজপুত্রগণের প্রবেশ]

সবাই। কি হ'ল তাই বল না---

কাঞ্চী। ওরে দাঁড়া—আমার এখনও হাসি পাচ্ছে—হা—হা— হা. হি—হি—হি, হো—হো—হো—

কাশী। বা রে মজা! তুই একাই সব হাসিগুলো শেষ করে ফেলবি আর আমরা হাসবো না ?

কাঞ্চী। আরে হাসবিনে কেন ? তবে হো—হো—হো— কোশল। ধরতো ওকে সবাই মিলে—দেখি কেমন না বলে— কাঞ্চী। উ—রে !···বলছি—বলছি—ছেড়ে দে আগে— কাশী। আচ্ছা বল—

কাঞ্চী। শোন্। সেই কালিদাস মূর্থটাকে নিয়ে ত' রাজকুমারীর কাছে গেলাম। মূখে বলছি বটে ভারতবর্ষের শ্রেষ্ঠ পণ্ডিত —মনে-মনে ত' জানি একেবারে সেরা মূর্থ···তাই বুকটা ঢিপ্ ঢিপ্ করতে লাগলো। যদি কোনো ফাঁকে কথা বলে কেলে তবে···অমনি প্রহরিণী এসে আমার মূণ্ডুটা ক্যাচ্ করে কেটে নেবে—

সবাই। তারপর?

কাঞ্চা। তারপর দেখি মূর্থটা চুপ্চাপ বদেই আছে। এমন ভয় পেয়ে গেছে যে, কিছুতেই ও আর মুখ খুলছে না!

সকলে। হুঁ! তারপর?

কাঞ্চী। মনে জোর পেয়ে গেলাম। রাজকুমারীকে বল্লাম— বিচার করবে এসো—

সকলে। তা' রাজকুমারী কি বল্লে ?

কাঞ্চী। রাজকুমারী বল্লেন, উনি যেমন ইদারায় প্রশ্নের জবাব দেবেন, আমিও ঠিক তেমনি ইদারায়ই প্রশ্ন করবো।

সকলে। তারপর?

কাঞ্চী। আমি সব তাতেই রাজী—

সকলে। তারপর ?

কাঞ্চী। তারপর—রাজকুমারী একটা আঙ্গুল মাটিতে চেপে ধরে মূর্থটার দিকে তাকালো—

সকলে। আর সেই মূর্থ টা ?

কাঞ্চী। মূর্থ টা ভাবলে—রাজকুমারী তাকে মাটিতে পুঁতে ফেলবার ভয় দেখাচেছ।

मकत्न। वाँग!

কাঞ্চী। ই্যা! ও করলে কি, নিজের ডান হাতটা মাথার ওপর তুলে বন্ বন্ করে ঘোরাতে লাগল। অর্থাৎ—

मकरन। वर्थाए-

কাঞ্চী। অর্থাৎ রাজকুমারী যদি তাকে মাটিতে পুঁতে ফেলবার

ভয় দেখায়, তবে সে তাকে ধরে—বন্ বন্ করে ঘোরাবে।

मकरल। श--श--श--श

কাঞ্চী। আরে হাসি থামা।

সকলে। হা--হা-- হা---

কাঞ্চী। আরে হাসি থামা। শোন্। তথন বিপদে পড়লুম আমি—

मकत्म। विश्रम् किरमतः ?

কাঞ্চা। বিপদ্নয় ? ওর একটা মানে বের করতে হবে ত' নইলে বিচার হ'ল কি !

मकला ठिक! ठिक!

কাঞ্চী। [উদ্দেশ্যে নমস্কার করিয়া] মা সরস্বতী এসে তখন কণ্ঠে ভর করেছেন। ব্যাখ্যা করে ফেললাম যে, রাজ-কুমারী বলছেন পৃথিবী স্থির,—কিন্তু ভারতের শ্রেষ্ঠ পণ্ডিত জানাচ্ছেন যে, পৃথিবী স্থির নয়—তা ঘুরছে।

সকলে। তারপর ?

কাঞ্চা। বিধাতার বিধান ভাই। রাজকুমারী স্বীকার করলেন যে, তিনি সেই প্রশ্নই করেছিলেন।

मकत्न। वाँ।

কাঞা। হাঁা—আর সঙ্গে সঙ্গে মাল্যদান করলেন—সেই মূৰ্ব টার গলায়— मकला विलम् कि!

কাঞী। আর বলব কি! নিজের চোথে দেখে এলুম যে!

কাশী। শেষকালে ঐ মূর্থ টা হল রাজকন্মার বর ?

কোশল। ঠিক হয়েছে—অত বিভার গরব যার—তার ভাগ্যে ঐ রকমই জটে থাকে।

কাঞ্চী। ভেবেছিলাম—বিয়ের নেমন্তন্নটা খেয়ে আদি—

কাশী। তা' খেলিনে কেন ?

কাঞ্চী। সাহস হ'ল না! যদি ়ু মূর্খ টা হঠাৎ কথা বলে বসে! তা হ'লে ত' এসে আমাকেই ধরবে। মাল্যদান দেখেই আমি একেবারে দে ছুট…

[ হঠাৎ নেপথ্যে তাকাইয়া ]

সকলে। আরে—আরে—আরে—

কাশী। সে মূর্থ টা না?

কোশল। কালিদাস-

কাঞ্চী। কালিদাস ? কি সর্ববনাশ ! কালিদাস ফিরে আস্ছে যে !

কাশী। নিশ্চয়ই ধরা পড়েছে।

কাঞ্চী। তা হ'লে এ দেশ থেকে পালাই বাবা—

[পলায়নোগত ]

সকলে। আরে—আরে, দাঁড়াও—দাঁড়াও—ব্যাপারটা কি আগে শুনি—

### [কালিদাসের প্রবেশ]

- काक्षो। এই कालिमान-फिरत अलि य ?
- কালিদাস। রাজকন্তা আমায় তাড়িয়ে দিয়েছে।
- কাঞা। তাড়িয়ে দিয়েছে? তুই কথা বলে ফেলেছিলি বুঝি?
- কালিদাস। হুঁ। রাজকন্তা আমার নাম জিজেদ করলে— আমি বলে ফেল্লুম—
- দকলে। হাঁা রে—রাজকম্মা তোর মাথা কেটে ফেলতে চায় নি ?
- কালিদাস। না। আমায় তাড়িয়ে দিলে কেন, জানো?
- मकला (कन (द्र?
- কালিদাস। আমি বোকা—মূর্থ বলে! আমায় তে'মর। লেখাপড়া শেখাবে ?
- मकला श-श-श-
- কাঞ্চী। দূর বেটা মূর্থ! তোকে স্মাবার লেখাপড়া শেখাবো কিরে?—হ্যারে—রাজকষ্ণা আমাদের ধরতে দব দৈশু-দামস্ত পাঠাচ্ছে নাকি?
- কালিদাস। তা'ত'জানি না। হ্যাগো, রাজপুত্রুর, আমায় লেখাপড়া শেখাও না—
- काकी। मृत्र पूर्व काथाकात—मृत्र हरा या आमारमत मामरम (थरक।

কালিদাস। রাজকম্মাও বল্ল মূর্থ—দূর হয়ে যা—তোমরাও বলছ,
মূর্থ—দূর হয়ে যা! এখন আমি কোথায় যাই—কে
আমায় লেখাপড়া শেখাবে? কোথায় যাবো ?
সকলে। হা—হা—হা—

# দ্বিতীয় দৃখ্য

রাজকুমারীর কক্ষ। কিন্তু গৃহের সে সৌন্দর্য্য আব নাই। রাজকুমাবীর স্থিগণ থ্ব মৃত্স্বরে কথা কহিতেছে]

- মালবিকা। তারপর থেকে সইয়ের মুখের দিকে যেন আর তাকানো যায় না।
- চতুরিকা। সমস্ত দিন আপন মনে কি যে ভাবে!
- হেমন্তিকা। ডাক্লে যেন শুন্তেই পায় না! ওর মন যে কোথায় পড়ে থাকে কে জানে!
- বাদস্তিকা। সব সময় যেন আমাদের এড়িয়ে চল্তে চায়—
- মালবিকা। মহারাণী বল্লেন, নাচে-গানে ওকে দব দময় ভুলিয়ে রাখ্তে! তা' আমাদের গান আর ওর ভালো লাগে না।
- চতুরিকা। রোজ রাত্তিরে ঘূমের ভেতর কেঁদে ওঠে—! ডেকে জিজ্ঞেদ করলে বলে, কিছু না!

- মালবিকা। ওই যে সখী এই দিকেই আস্ছে, ওকে ডেকে জিজ্ঞেদ করি চল—
- চতুরিকা। না—না, ও তা হ'লে মনে বড় কফ পাবে। চল সবাই
  মহারাণীর কাছে গিয়ে সব কথা তাঁকে খুলে বলি—
  সকলে। তাই না হয় চল—

[ স্থিগণের প্রবেশ ]

#### [রত্নার প্রবেশ]

রত্ন। কেন আমি তাকে ভুলতে পাচ্ছিনে! সে পৃথিবীর দীনতম ভিক্ষুক—শ্রেষ্ঠতম মূর্থ—তবু আমি তাকে ভুলতে পাচ্ছিনে কেন?

### [বাণীর প্রবেশ]

- বাণী। কারণ সে তোমার স্বামী!
- রত্ন। [চমকিয়া উঠিল] কে ও! বাণী! হ্যা—দে আমার স্বামী। নিজহাতে আমি তার গলায় বরমাল্য দান করেছি। কি করে আমি তা' অস্বীকার করবো!
- বাণী। কে তোমায় অস্বীকার করতে বলছে স্থী—? সে জগতের দীনতম ভিক্ষুক হোক্—শ্রেষ্ঠতম মূর্থ হোক্— সে তোমার স্বামী।
- রত্ন। স্থি, আমার মনও তাই বলছে—কিন্তু রাজকুমারীর র্থা গর্বে আমি কিছুতেই ছাড়তে পাচ্ছিনে!

- বাগী। স্বামীই নারীর শ্রেষ্ঠ গর্বব। কে জানে একদিন হয়ত এই স্বামী-গর্বের তুমি হ'বে—বিশ্বের শ্রেষ্ঠা গরবিণী!
- রত্না। হয়ত তোমার কথাই সত্যি। বাণী, আজ কেন জানি না তোমার কণ্ঠের একটি গান শুনতে আমার ভারী ইচ্ছে হচ্ছে—
- বাণী। তুমি শুনতে চাইলে আমি কেন গাইব না সখি? তোমাকে গান শুনিয়েই ত' আমার তৃপ্তি—

### বাণীর গান

জ্ঞানের আলোর ঝরণা-ধারায় সকল আধার যাবে দ্রে—
কবে—তোমার বাঁশীর সে স্থর বাজবে আমার হৃদয়পুরে।
কবে তোমার উঞ্জল সে রূপ
সদয় মাঝে জাগবে অরূপ—
ছল্মবেশের অন্তরালে কাঁদাও নিঠুর করুণ-স্থরে।

তোমার বাশী শুনলে কবে এ দেহ-মন উঠ্বে নেচে ধন্ত হ'ব—কবে তোমার প্রদাদ-কণা ঘেচে যেচে !

কবে তোমার চরণ-তলে

মেলব প্রাণের কমল-দলে

ক্রমর আমার উঠবে মেতে তোমার সকল স্থরে-স্থরে ।

রত্ন। আঃ প্রাণটা জুড়িয়ে গেল—! বাণী, তুই বুঝি আর-জন্মে আমার আপন বোন ছিলি!

### [ বাসন্তিকার প্রবেশ ]

- বাদন্তিকা। দখি, তোমার এখন বেশ পরিবর্ত্তনের সময় হয়েছে—
- রত্ন। তোরা কি আমায় একটু শান্তিতে থাকতে দিবিনে বাদন্তিকা ?
- বাদন্তিকা। না, মহারাণীর আদেশ কিনা তাই—! আচ্ছা, আমি যাচ্ছি—

[ বাসন্তিকার প্রস্থান ]

রত্ন। স্থি বাণী, কি হবে মিথ্যা প্রসাধনে,—মন যদি তাতে না ভোলে ?

#### মালবিকার প্রবেশ ]

মালবিকা। স্থি, অগুরু গন্ধে বেণীবন্ধন করবে এসো—
রত্না। মালবিকা, তোরা আমায় দ্য়া কর—
মালবিকা। সে কি কথা স্থি,—এ যে মহারাণীর আদেশ!
রত্না। না, মাকে গিয়ে বল আমি বেশ আছি—

্ [ মালবিকার প্রস্থান ]

# [ চতুরিকার প্রবেশ ]

চতুরিকা। সথি, আমাদের গান শুনবে এসো—
রক্সা। আচ্ছা চতুরিকা, তোরা কি আমায় মেরে ফেলতে চাস ?
চতুরিকা। ওকি অলক্ষুণে কথা। মহারাণী বল্লেন, গানে-গানে
তোমায় ভুলিয়ে রাথতে—তাইত আমি এলাম—

রক্স। না, গান শুন্লে আমার কান্না পায়। গান এখন থাক।
চতুরিকা। বটে! আমাদের গান শুন্লে তোমার কান্না পায়!
আর এতক্ষণ ধরে যে বাণীর গলা জড়িয়ে ওর গান
শুন্ছিলে? দিচ্ছি গিয়ে আমি মহারাণীকে দব বলে—

[ প্রস্থান ]

রত্না। ওরা আমায় বুঝতে পারে না বাণী। তুই আমার কাছে-কাছে থাকিস—তোকে আমার বড্ড ভালো লাগে!

### [ হেমন্তিকাব প্রবেশ ]

- হেমন্তিকা। সখি, তোমার নিজের হাতে পোষা শুক-দারি আজ তিন দিন অনাহারে আছে—ওদের তুমি খাওয়াবে এদো—
- রত্না। বন্ধন থেকে ওদের মুক্তি দে হেমন্তিকা! নিজের
  মনে আমার যে বন্ধন—তাতে আমি আর কাউকে জড়াতে
  চাইনে! খুলে দে খাঁচার দ্বার—উড়ে যাক—ওরা ঐ
  স্থনীল আকাশের বুকে—আমার মন যেখানে যেতে চাইছে
  —কিন্তঃ পাচ্ছি না—

### [মহারাণীর প্রবেশ]

মহারাণী। রত্না—
রত্না। [উঠিয়া] কি মা!
মহারাণী। এ তোর কি পাগলামি বলত! সে একটা ছেলে-

বেলার খেলা—যেমনি নাকি মেয়েরা পুতুল খেলে! তাই মনে করে তুই মন খারাপ করে থাকবি? মহারাজ বলেছেন তিনি তোর স্বয়ম্বর ঘোষণা করবেন—

রত্ন। মা! তুমি বলছ এই কথা। আমি নিজ-হাতে তাঁর গলায় ভগবান দাক্ষী রেখে বরমাল্য পরিয়ে দিয়েছি— সে কি থেলা! আমার দীমান্তে তাঁর হাতের এই অক্ষয় দিঁত্বর—একি থেলা! মা! হিন্দু নারীর—দতী নারীর বিবাহ একবারই হয় মা! দে বিবাহ আমার হয়ে গেছে! দে পৃথিবীর দীনতম ভিক্ষুক হোক… শ্রেষ্ঠতম মূর্য হোক—দে আমার স্বামী!—দে আমার পাশ্বে থাকুক কি পৃথিবীর অপর প্রান্তে থাকুক—তবু দে আমার স্বামী! এতদিন একথা আমি ভালো করে বুঝ্তে পারিনি—আজ বাণীর কথায় আমার মনের দকল দ্বিধা দূর হয়েছে!

মহারাণী। তবে তুই কি করবি মা!

- রত্ন। আমি দেশে দেশে লোক পাঠাবো—তারা তাঁকে খুঁজবে। গান গেয়ে গেয়ে—তাঁর সন্ধান নেবে— আমার মন বলছে মা—একদিন-না-একদিন সে ফিরে আসবেই—!
- মহারাণী। না বাপু, আমার এসব কথা একটুও ভাল লাগছে না—বেদিন থেকে ঐ বাণী এসে জুটেছে—সেই থেকেই

আমার মেয়ে যেন কেমন হয়ে যাচ্ছে। এ স্ব ত' ভালো কথা নয়—যাই আমি মহারাজকে সব কথা বলি গে—আয় হেমন্তিকা—

[ মহারাণী ও হেমন্তিকার প্রস্থান ]

রত্ন। বাণী--

- বাণী। তোমায় লোক পাঠাতে হবে না সই—আমিই তাকে খুঁজতে যাবো—
- রত্ন। [উল্লাসে] বাণী—বাণী! তুই যাবি! তবে আমি নিশ্চিন্ত--! গান গেয়ে গেয়ে তুই তাঁর সন্ধান নিবি— আমি জানি তাঁর দেখা তুই পাবিই—
- বাণী। কিন্তু কি গান গাইব স্থী?
- রত্ন। গান ? সে রয়েছে অনের ছে আমার মনের কোণে
  সঙ্গোপনে কারো কাছে বলিনি। আজ তোকে আমি
  সেই গান শিখিয়ে দেবো তাই গেয়ে ভূই পথ
  চল্বি—! শুন্বি আমার সেই অন্তরের গান ?—তবে
  শোন সই—

#### রভার গান

যতদ্রে রও—নদীর ওপারে···অচেনা সাগর-তীরে··· ভোমারি লাগিয়া আমারি পরাণ কাঁদিয়া কাঁদিয়া ফিরে ! তুমি যদি রও অসীম আকাশে

মেঘ হয়ে মন আছে তব পাশে

সাগরে রহিলে উন্মি-মালায়

আমার পরাণ ভাসে!

যতদ্রে রই, বাঁচিয়া রহিব আমারি আঁথির নীরে !

স্থেয়ের মাঝে পাকে। বদি প্রিয় হব গো স্থ্যুমুখী…
শত থাজনের বিরহের মাঝে…রব তবু মুখোমুখী।
ফটিক জলের মত আমি প্রিয়—
মেঘ হয়ে বারি তুমি মোরে দিও—
আমার আঁথির সলিলে তোমার মন গলিবে না কি রে!

বাণী। বেশ! এই গান গেয়েই আমি পথ চলবো—তবে বিদায় সথী—

[ গাহিতে গাহিতে প্রস্থান ]

# তৃতীয় দৃশ্য

[নদীতীর -----পাগলের মত কালিদাসের প্রবেশ]

কালিদাস। স্বাই বলে মূর্থ…! কেউ আমায় লেখাপড়া শেখাতে চায় না! রাজকন্সার কাছে মূখ দেখাতে পারবো না—কারো সাম্নে গিয়ে দাঁড়াতে পারবো না!— তবে আমার বেঁচে থেকে লাভ? সকলেই আমায় ঘ্ণা করবে—দূর-দূর করে তাড়িয়ে দেবে! নাঃ, এ প্রাণ আমি আর রাখবো না! ঐ তো সাম্নে নদী। ঐ
নদীর জলেই আজ আমি ডুবে মরবো—
আঃ—কি ঠাণ্ডা জল!

[ সহসা সেই নদীর জলে দেবী সরস্বতী আবির্ভূতা হইলেন ] সরস্বতী। বৎস কালিদাস!

কালিদাস। কে---কে তুমি মা!

সরস্বতী। বৎস! আমি তোমার নিষ্ঠা দেখে মুগ্ধ হয়েছি… আমি তোমায় বিচ্চা দান করবো—

কালিদাস। এত তোমার দয়া! কেউ আমায় লেখাপড়া শেখাতে চায়নি—তুমি শেখাবে? কিন্তু তুমি কে মা? সরস্বতী। আমি সরস্বতী।

- কালিদাস। তুমি—তুমিই দেবী সরস্বতী। কিন্তু আমি মুর্খ, কি করে তোমার স্তব গান করবো ?
- সরস্বতী। এই আমি তোমার মস্তকে আমার দক্ষিণ হাত রাখলাম—আজ থেকে তুমি বাণীর বরপুত্র—মহাকবি কালিদাস। যুগ-যুগ ধরে লোকে তোমার রচিত অমর কাব্য-কথা পড়ে ধন্ম হবে—
- কালিদাস। একি ! একি ! আমার মুখ দিয়ে আপনা থেকেই
  মায়ের স্তব বেরিয়ে আস্ছে—! আর আমি মূর্থ নই—
  আর আমি মূর্থ নই—আমি মা বীণাপাণির স্তব গান
  করবো—

### [ সরস্বতীর-বন্দন। ] জয় জয় দেবী·····ইত্যাদি

कालिमाम। এकि! कि मा ? क्लांगाय मा ? मल्डानक (मथा मिरा शालिएय (भालिएय (भालिएय ) मिरा शालिएय ।

[ রাজকুমারী রত্না ও স্থিগণকে লইয়া বাণীর প্রবেশ ]

বাণী। এসো সখি—এইখানে তোমার হারানো স্বামীকে খুঁজে পেয়েছি—

কালিদাস। একি রাজকষ্ঠা?

রত্ন। আর রাজকন্সা নই—তোমার দাসী—তোমার চরণে আমায় স্থান দাও—

কালিদাস। এসে। রত্না, দেবী বীণাপাণির আশীর্বাদ মস্তকে
নিয়ে আমরা সাহিত্য-রচনায় ব্রতী হই। দেবী আশীর্বাদ
করে বলেছেন—আমরা জয়যুক্ত হ'ব।

—যৰ্মিকা-